মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ
ISO 9001:2015 CERTIFIED

ওয়েব ঃ www.pbs.munshiganj.gov.bd
ই-মেইল- mngpbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০১.০৩৮.২২-৩৫৩৬ তাং-০২/০৩/২০২২খ্রিঃ

**বিষয়ঃ- খুলনা কেন্দ্রীয় পন্যাগার হতে বরাদ্দকৃত কাঠের পোল পরিবহণের জন্য সীমিত দরপত্র পদ্ধতিতে ( LTM) দরপত্র বিজ্ঞপ্তি**

**সুত্রঃ-(১)স্মারক নং-২৭.১২.২৬৩৭.০১৬.৪০.০৩৫.২২.১৩১ ; তারিখ-৩০/০১/২০২২খ্রিঃ**
**(২)স্মারক নং-২৭.১২.২৬৩৭.০১৬.৪০.০৩৫.২২.১৫৬ ; তারিখ-২৩/০২/২০২২খ্রিঃ**

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বিবরণ অনুযায়ী মুন্সীগঞ্জ পবিসের অনুকুলে খুলনা কেন্দ্রীয় পণ্যাগার হতে ১নং সূত্রে বর্ণিত স্মারকের বিপরীতে বরাদ্দ নং-২২০০৬৪ মোতাবেক আর-৫ (পোল কাঠের ৩০-৬) = ২০টি ও আর-৬ (পোল কাঠের ৩০-৫) =৩০টি বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ২নং সূত্রে বর্ণিত স্মারকের বিপরীতে বরাদ্দ নং-২২০১৩৯ মোতাবেক আর-২৭ (পোল কাঠের ৫০-৩)=২৫টি বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত কাঠের পোল খুলনা কেন্দ্রীয় পণ্যাগার হতে পরিবহণের জন্য কাঁঠালবাড়ি-মাওয়া ফেরী চলাচল সীমিত (হালকা যানবাহন পারাপারা চালু আছে) থাকায় যমুনা সেতু, ঢাকা হয়ে সড়ক পথে পরিবহণ করতে হবে। কাঠের পোল পরিবহনের জন্য আগ্রহী বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, এর তালিকা ভুক্ত পরিবহণ ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | আইটেম নং | বরাদ্দের পরিমাণ | একক ওজন (মেঃটন) | মোট ওজন (মেঃটন) | প্রতি মেঃ টন প্রতি কিঃমিঃ পরিবহণ ব্যয় (টাকা) | মোট ব্যয় (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | আর-৫ | ২০ | ০.২৪২০ | ৪.৮৪ | | | দূরত্ব ৪৩৫কিঃমিঃতবে সর্বনিম্ন ৪৫০ কিঃমিঃ এর ভাড়া প্রয়োজ্য হবে। |
| ০২ | আর-৬ | ৩০ | ০.২০২৭ | ৬.০৮১ | | | |
| ০৩ | আর-২৭ | ২৫ | ০.৫০৫০ | ১২.৬২৫ | | | |
| | মোট= | ৭৫ | | ২৩.৫৪৬ | | | |

**শর্তাবলীঃ**

০১। আগ্রহী দরদাতাদেরকে আগামী ১৬/০৩/২০২২খ্রিঃ তারিখে বেলা ১১.০০ টার মধ্যে (১) **পরিচালক, পবিস মনিটরিংও ব্যঃ পঃ (কেন্দ্রীয় অঞ্চল ) পরিদপ্তর,** বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ৯ম তলা,সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯-ও (২) মুন্সীগঞ্জ **পল্লী বিদ্যুৎ সমিতি- এর সদর দপ্তর,** সিপাহীপাড়া ,মুন্সীগঞ্জ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০২। দরপত্র সমূহ ১৬/০৩/২০২২খ্রিঃ তারিখ বেলা ১১.০৫ টায় পরিচালক, পবিস মনিটরিংও ব্যঃ পঃ (**কেন্দ্রীয় অঞ্চল** ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ৯ম তলা,সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর দপ্তরে ও মুন্সীগঞ্জ **পল্লী বিদ্যুৎ সমিতি- এর সদর দপ্তরে** উপস্থিত দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। দরপত্র দাখিলের সময় দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ ও ব্যাংক সলভেন্সির সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৪। কার্যাদেশ প্রদানের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে মালামাল অক্ষত অবস্থায় খুলনা ওয়্যার হাউজ হতে যমুনা সেতু-ঢাকা হয়ে সড়ক পথে পরিবহণ করতে হবে। মালামাল পরিবহনের সময় লোডিং এবং আনলোডিং নিজ দায়িত্বে করতে হবে।

০৫। দরপত্রে কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। খামের উপর " পোল পরিবহণ" কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৬। বর্ণিত মালামাল মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির মুন্সীগঞ্জ জোনাল অফিসস্থ পোল ইয়ার্ডে গাড়ী হতে নামানো এবং খুলনা ওয়্যার হাউজ হতে উঠানোর সময় শ্রেণী বিন্যাসসহ সারিবদ্ধভাবে রাখা ইত্যাদি কাজ নিজ দায়িত্বে করতে হবে।

০৭। মালামাল সমূহ পরিবহণ কালে সকল প্রকার নিরাপত্তা সংক্রান্ত বিধিমালা অনুসরণ করতে হবে। পরিবহণকালে মালামালের কোন প্রকার ক্ষয়-ক্ষতি হলে পরিবহণকারী প্রতিষ্ঠান কর্তৃক ক্ষতি পূরণ প্রদান করতে হবে।

০৮। আগ্রহী প্রতিষ্ঠানকে অবশ্যই বর্ণিত মালামাল পরিবহণ ও স্থানান্তর কাজে অভিজ্ঞ হতে হবে। দরপত্রের সাথে অভিজ্ঞতার প্রমাণক দাখিল করতে হবে।

০৯। কর্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান যে পথে মালামাল পরিবহণ করবে সে পথের সকল ধরনের বাধা ও প্রতিবন্ধকতা নিজ দায়িত্বে অপসারণ করে মালামাল পরিবহণ করতে হবে।

১০। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে সর্বোচ্চ ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে মালামাল পরিবহণের কাজ সম্পাদন করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যসম্পাদনে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য উদ্ধৃত মোট মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ বিলম্ব জরিমানা দাখিলকৃত বিল হতে কর্তন করা হবে।

১১। সন্তোষ জনক ভাবে কার্য সম্পাদনের পর বিল চালান দাখিল সাপেক্ষে এবং কর্তৃপক্ষের প্রত্যায়ন সাপেক্ষে দাখিলকৃত বিলের উপর নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক একাউন্টস পেয়ি চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১২। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন/সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

( এ এইচ এম মোবারক উল্যা)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার দপ্তরের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ সহ।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ), বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০২। পরিচালক, এমপিএস/এসইএন্ডডি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
০৪। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, মুন্সীগঞ্জ (নির্ধারিত সময়ে দরপত্র মূল্যায়নের জন্য প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো) ।
০৫। নির্বাহী প্রকৌশলী, (এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ), মুন্সীগঞ্জ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........................পবিস-১/২/৩।
০৭। ডিজিএম (টংগীবাড়ী/মুন্সীগঞ্জ/লৌহজং/কারিগরী/সিরাজদিখান/শ্রীনগর), জোনাল অফিস, মুপবিস।
০৮। সহকারী প্রকৌশলী, বাপবিবো, মুন্সীগঞ্জ (নির্ধারিত সময়ে দরপত্র মূল্যায়নের জন্য উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো) ।
০৯। এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/অর্থ-হিসাব), মুপবিস।
১০। নোটিশ বোর্ড/অফিস কপি/মাষ্টার কপি।

(এ এইচ এম মোবারক উল্যা)
সিনিয়র জেনারেল ম্যানেজার